দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 1

026

শিক্ষামন্ত্রীর সাংবাদিক সম্মেলন

# এইচএসসি পরীক্ষায় নকলরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে

।। স্টাফ রিপোর্টার ।।

আগামী ৮ই জুন থেকে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নকল প্রবণতা প্রতিরোধ ও শান্তি-শৃংখলা নিশ্চিত করার লক্ষ্যে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে এককভাবে কেবলমাত্র সরকারের পক্ষে পরীক্ষা ব্যবস্থায় ব্যাপক দুর্নীতি প্রতিরোধ দুরূহ বলে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলের সহযোগিতা কামনা করেন।

তিনি জানান, চলতি বছর দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

৩-এর পাতায় দেখুন

## এইচএসসি পরীক্ষায়

প্রথম পৃষ্ঠার পর

বোর্ডের অধীনে ৫২০টি পরীক্ষা কেন্দ্রে মোট ৩ লাখ ২২ হাজার ১শ' ৯৩ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিবে। অধিকাংশ পরীক্ষা কেন্দ্রই উপজেলা সদরে রাখা হয়েছে। উপজেলা সদরের বাইরে খুব অল্পসংখ্যক কেন্দ্র সুবিধাজনক স্থানে রয়েছে। দেশের বাইরে জেদ্দা, রিয়াদ ও কুয়েতে তিনটি পরীক্ষা কেন্দ্র রয়েছে।

মন্ত্রী জানান, স্কুল, কলেজ, সরকারী, আধা-সরাকারী ও স্বায়ত্তশাসিত দফতরের অফিসারদের মধ্য থেকে পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক নিয়োগ করা হবে। তবে যে বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে সে বিষয়ে অন্ততঃ একজন শিক্ষক প্রতিটি কক্ষে পরিদর্শক হিসেবে থাকবেন। এছাড়া যে সকল শিক্ষক পরীক্ষার্থীদের নকলে সহায়তা করবে তাদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। এ ব্যবস্থার মধ্যে রয়েছে সরকারী স্কুল-কলেজের শিক্ষক হলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক হলে ঐ শিক্ষকের সকল সরকারী অনুদান বন্ধ করে দেয়া হবে।

তিনি জানান, যে সকল পরীক্ষা কেন্দ্রে ব্যাপকহারে নকল হবে সে সকল কেন্দ্র চিহ্নিত করে বোর্ড কর্তৃপক্ষ জেলা প্রশাসনের সহাযোগিতায় পরীক্ষা বাতিল, অথবা কেন্দ্র বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কলেজের অনুদান বন্ধ করার ব্যবস্থা নেবে।

শেখ শহীদ বলেন, দেশব্যাপী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী অংশ নিয়ে থাকে। এতে কেবলমাত্র আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থার সীমিতসংখ্যক সদস্য দিয়ে পরীক্ষা কেন্দ্রগুলোতে আইন-শৃংখলা রক্ষার ব্যবস্থা নেয়া হয়। কাজেই সুষ্ঠুভাবে এবং শৃংখলার সাথে পরীক্ষা পরিচালনার জন্য সকল স্তরের জনগণের সক্রিয় সহযোগিতা অপরিহার্য। তাই আসন্ন পরীক্ষায় নকল প্রতিরোধে দলমত নির্বিশেষে এবং রাজনৈতিক সংকীর্ণতার উর্ধ্বে সরকার গৃহীত পদক্ষেপ সফল করার জন্য তিনি আহবান জানান।

আসন্ন পরীক্ষায় চারটি বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে ১৩৪টি কেন্দ্রে ৯৫ হাজার ৩০ জন, কুমিল্লা বোর্ডে ১১৮টি কেন্দ্রে ৭৪ হাজার ১শ' ১১ জন যশোহর বোর্ডে ১২৮টি কেন্দ্রে ৬৫ হাজার ৩শ' ৭৮ এবং রাজশাহী বোর্ডে ১৪০টি কেন্দ্রে ৮৭ হাজার ৬শ' ৭৪ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে।

শিক্ষামন্ত্রী জনান, বিগত বছরগুলোতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অনেক ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় দুঃখজনকভাবে অসদুপায় অবলম্বন করতে দেখা গেছে। মফস্বলে বিশেষ করে অনেক গ্রামাঞ্চলের পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের মধ্যে নকল প্রবণতা অধিক হারে পরিলক্ষিত হয়েছে। উপজেলা সদরের বাইরে পরীক্ষা কেন্দ্রে অনেক ক্ষেত্রে প্রশাসনিক অসুবিধাসহ তদারকি ও আইন-শৃংখলা পরিস্থিতি সমস্যা দেখা দেয়। ঐ সকল কেন্দ্রে পরীক্ষার সময় প্রশাসনিক নিয়ন্ত্রণ যথাযথভাবে কার্যকর করা কঠিন হয়ে পড়ে। ফলে পরীক্ষা চলাকালীন সময় কোন কোন ক্ষেত্রে পরীক্ষার্থীদের নকল করাকে কেন্দ্র করে আইন-শৃংখলা পরিস্থিতির সৃষ্টি হয়।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আসন্ন পরীক্ষায় গত বছরের চেয়ে ৯১টি কেন্দ্র কমিয়ে আনা হয়েছে। গত বছর পরীক্ষায় ৬১১টি কেন্দ্রে ২ লাখ ৯৬ হাজার ৫শ' ১১ জন পরীক্ষার্থী অংশ নেয়। উল্লেখ্য, চলতি বছর পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ৫২০টি, আর পরীক্ষার্থীর সংখ্যা ৩ লাখ ২২ হাজার ১শ' ৯৩ জন।